

# যুগান্তর

এমপি'র রোষানল

## গৌরীপুরের সেই রাফিদ স্কুলে ফিরেছে

**গৌরীপুর (ময়মনসিংহ) প্রতিনিধি**

বহুপ জ্বালায়িত সেই মুতাসিম আহির রাফিদ অবশেষে স্কুলে ফিরেছে। রোববার ময়মনসিংহের গৌরীপুর পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ক্লাস শুরু করেছে সে। একই স্কুলে এদিন প্রধান শিক্ষক হিসেবে যোগদান করেছেন তার বাবা একেএম মাজহারুল আনোয়ার ফেরদৌস। চিকিৎসাজনিত ছুটি কাটিয়ে রাফিদের মা রোজী সুলতানাও পাঠদানে ফিরেছেন। আশংকা থাকায় ক্লাস গেটে ছিল পুলিশের অতিরিক্ত পাহারা। মাজহারুল এর আগে বরুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ছিলেন। সুই জানায়, রোববার রাফিদকে পেয়ে আনন্দিত ছিল সহপাঠীরাও। রাফিদের জীবন থেকে করে গেছে ৩ মাস ৪ দিন। স্কুল রেকর্ডে সর্বশেষ ক্লাস করেছিল গত ১১ মে। ইতিমধ্যে ১ম সাময়িক পরীক্ষাও শেষ হয়ে গেছে। ভয় আর আতঙ্কের ছাপ এখনও রাফিদের অবয়বে।

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মুতাসিমুর রহমান ফিজারের সুপারিশে রাফিদের বাবা একেএম মাজহারুল আনোয়ার ফেরদৌসকে ওই বিদ্যালয়ে বদলির আদেশ দেয়া হয়। স্থানীয় সংসদ সদস্য ডা. ক্যাম্বেন (অব.) মজিবুর রহমান ফকিরের সঙ্গে বদলি ও বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির গৌরীপুর শাখার কার্যালয়ের চাবি নিয়ে দ্বন্দ্ব বাধে মাজহারুলের। এর ফলে সংসদ সদস্যের বাহিনী তাকে বাথরুমে আটকে রেখে নির্খাতন করে এবং মোটরসাইকেল ছিনিয়ে নেয়। এছাড়া, স্কুলে রাফিদকে কোথাও ভর্তি না করাতে নির্দেশ দেয়।

এছাড়া শিশু রাফিদের দুই পা ভেঙে দেয়ার হুমকি দেয়া হয়। এসব অভ্যেচনা ফেরদৌস মাস্টার ৫ আগস্ট গৌরীপুর থানায় দ্রুত বিচার আইনে উপজেলা যুবলীগের সভাপতি ইকবাল হাসান পিটন, পৌর আওয়ামী লীগের মুগ্ধ সম্পাদক মনিরুজ্জামান রিপ্লব, পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক ওমর ফারুক ও ছাত্রলীগ নেতা নুরুল ইসলামসহ অজ্ঞাত ১০-১২ জনকে আসামি করে নামলা করেন। ৭ আগস্ট এ নিয়ে ময়মনসিংহ প্রেস ক্লাবে সংবাদ সম্মেলনের পর পুলিশ ছিনিয়ে নেয়া মোটরসাইকেলটি উদ্ধার ও ২ জনকে গ্রেফতার করে। উপজেলা শিক্ষা কর্মকর্তা নূর মোহাম্মদ জানান, মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন পেয়ে রোববার পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যোগদানের আবেদনের পরিপ্রেক্ষিতে প্রধান শিক্ষক পদে যোগদানপত্র গ্রহণ করা হয়েছে। রাফিদের মা রোজী সুলতানা সাংবাদিকসহ পাশে থাকা সবার প্রতি কৃতজ্ঞতা জানান।